দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 4 ... 17
পৃষ্ঠা ৪ ... কলাম ৩ ......

# নিরাপত্তাহীনতায় কুবির ৬১ জন শিক্ষকের সাধারণ ডায়েরি

## শিক্ষক সমিতির ক্লাস পরীক্ষা বর্জন অব্যাহত

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে দুই সপ্তাহ ধরে শিক্ষক সমিতির লাগাতার ক্লাস ও পরীক্ষা বর্জনের কর্মসূচির মধ্যেই নিরাপত্তাহীনতার আশঙ্কায় কুবির ৬১ জন শিক্ষক গত বৃহস্পতিবার বেলা তিনটার দিকে কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন। এ দিকে ক্লাস ও পরীক্ষা চালুর দাবিতে ৭২ ঘণ্টার সময়সীমা বেঁধে দিয়ে ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ করেছে সাধারণ শিক্ষার্থী ও শাখা ছাত্রলীগ। এর আগে বিভিন্ন অভিযোগে গত মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের ১৩টি প্রশাসনিক পদসহ ২৫টি পদ থেকে পদত্যাগ করেন বঙ্গবন্ধু পরিষদভুক্ত বেশ কয়েকজন শিক্ষক।

সাধারণ ডায়েরি সূত্রে জানা যায়, সাম্প্রতিক সময়ে শিক্ষকদের ওপর হামলা, শিক্ষার্থী কর্তৃক শিক্ষককে লাঞ্ছনা ও হুমকি প্রদানসহ বহুবিধ ঘটনা ঘটছে। বিশ্ববিদ্যালয় প্রশাসনকে জানালেও কোনো পদক্ষেপ না নেওয়ায় শিক্ষকরা নিরাপত্তাহীনতায় ভুগছেন।

এ দিকে কাল রবিবার দুপুরের মধ্যে যদি ক্লাস-পরীক্ষা গ্রহণের ঘোষণা না দেওয়া হয় তবে সাধারণ শিক্ষার্থীদের নিয়ে কঠোর কর্মসূচি দেওয়া হবে বলে জানান শাখা ছাত্রলীগ নেতা ইলিয়াস হোসেন সবুজ। উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফ বলেন, ক্লাস-পরীক্ষা চালু করা এই মুহূর্তে খুব জরুরি। শিক্ষকদের সাথে আলোচনা চলছে। আমি চাই শিক্ষকরা ক্লাসে ফিরে যান। ১৭ জানুয়ারি দুই শিক্ষকের বাসায় হামলার রহস্য উদঘাটন, দোষীদের গ্রেফতার ও বিচারের আওতায় আনা, শিক্ষক লাঞ্ছনায় অভিযুক্ত ডিন এমএম শরীফুল করীমকে তদন্ত চলাকালীন সকল পদ থেকে অব্যাহতি দেওয়াসহ ৬ দফা দাবিতে গত ২২ জানুয়ারি থেকে ক্লাস ও পরীক্ষা বর্জন করে আসছে কুবি শিক্ষক সমিতি।